

নং-২০.০০.০০০০.৩৩১.২৫.০০৩-১৭-১৬৯

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ অগ্রিম মঞ্জুর প্রসংগে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ১৩-১৪ মার্চ ২০১৮ ১৩-১৪ মার্চ, ২০১৮ তারিখে নেপালের কাঠমান্ডুতে “Regional Symposium on Ecosystem Services and Poverty Alleviation in South Asia: Practical Approaches to improving human wellbeing and natural resources” শীর্ষক সিম্পোজিয়ামে অংশগ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের দুইজন কর্মকর্তা যথাক্রমে বেগম নাজিয়া আফরিন চৌধুরী ও বেগম উম্মে ছালমা ১২/০৩/২০১৮ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় ইউএস বাংলা এয়ারলাইন্স এর ফ্লাইট নং বিএস২১১ যোগে নেপালের উদ্দেশ্যে রওনা হন। নেপালের কাঠমান্ডুতে ত্রিভুবন বিমানবন্দরে উক্ত ফ্লাইটে অবতরণকালে বিধবস্ত হয়ে বর্ণিত দুইজন কর্মকর্তা নিহত হয়েছেন।

০২। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের দুইজন কর্মকর্তা যথাক্রমে বেগম নাজিয়া আফরিন চৌধুরী ও বেগম উম্মে ছালমা’র মরদেহ নেপাল থেকে বাংলাদেশে আনয়নের কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদানের জন্য পরিকল্পনা বিভাগ/কমিশনের দুইজন কর্মকর্তা যথাক্রমে জনাব মোঃ খলিলুর রহমান খান ও জনাব আবু সাঈদ মোঃ কামরুজ্জামান নেপাল গমন করবেন। তাদের গমনাগমনের ব্যয় নির্বাহের জন্য জনপ্রতি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা হিসেবে মোট= ৮০,০০০/- (আশি হাজার) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

০৩। এ ব্যয় পরিকল্পনা বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের অনুন্নয়ন বাজেটের ৩-১৪০১-০০০১-৪৮০১ ভ্রমণ ব্যয় খাত হতে মেটানো হবে। উত্তোলিত অগ্রিম পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৪। অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.০০.০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং আর্থিক ক্ষমতা বলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই মঞ্জুরী আদেশ জারী করা হল।

০৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯১১৫৭১৬

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং-২০.০০.০০০০.৩৩১.২৫.০০৩-১৭-১৬৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব-১, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৪। জনাব মোঃ খলিলুর রহমান খান, উপসচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। জনাব আবু সাঈদ মোঃ কামরুজ্জামান, উপ-প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৭। বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)

উপসচিব